

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



নং: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১৪.১৫/ ৬২৬৬

তারিখ: ২৬/০৬/২০২২ বঙ্গাব্দ
৩০/০৬/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা শিক্ষা অফিস সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ৩৩তম 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আমন্ত্রণপত্র

সূত্র : স্মারক নং মাউশি/৩৭.০৪.০০০০.৩০০.৯৯.০০৮.২২/৩১৩১ তারিখ : ২১.০৬.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০২ আষাঢ় থেকে ০৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/১৭ জুলাই থেকে ২১ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ পর্যন্ত জেলা শিক্ষা কর্মকর্তা ও অন্যান্য শিক্ষা কর্মকর্তাগণের জন্য আয়োজিত ৩৩তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্সে নায়েমে অনুষ্ঠিত হবে। উপরোক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আপনার অঞ্চল থেকে পাঁচজন জেলা শিক্ষা অফিসার/সহকারী জেলা শিক্ষা অফিসার পদমর্যাদার কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষার্থী গণকে নিম্নোক্ত বিষয়াদি প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

১. নায়েম হোস্টেলে আসন শূণ্য থাকা সাপেক্ষে থাকার ব্যবস্থা করা হবে। নির্ধারিত হোস্টেলে আবাসন গ্রহণের ক্ষেত্রে কোর্স শুরুর পূর্বদিন বিকালে নির্ধারিত হোস্টেলে আসন গ্রহণ করা বাঞ্ছনীয়।
২. সরকারি নিয়ম অনুযায়ী অংশগ্রহণকারীকে নায়েম থেকে ভ্রমণ ও দৈনিক ভাতা প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (খাওয়া ও থাকার খরচ) সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ৮,০০০/- (আট হাজার) টাকা সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে নায়েমে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৩. প্রার্থীর বয়স ৫৭ বৎসর অতিক্রম করে থাকলে তাঁর উক্ত প্রশিক্ষণ কোর্সে আসার প্রয়োজন নেই।
৪. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। যৌক্তিক বা গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫. প্রশিক্ষণ সম্পর্কিত কোনো বিষয়ে জানার প্রয়োজন হলে কোর্স পরিচালক জনাব মো: আব্দুল মান্নান চৌধুরী, উপপরিচালক (০১৭১২৬১২৯৯২) অথবা কোর্স সমন্বয়ক ড. মো: আয়েত আলী, সহকারী পরিচালক (০১৭১২০৯৯০২৩) ও জনাব গোলাম মাহমুদ, সহকারী পরিচালক (০১৯১৬২৬৬০৯৯) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
৬. মনোনীত কর্মকর্তাগণকে কোর্সে অংশগ্রহণের সম্মতিপত্র কোর্স আরম্ভ হওয়ার ০৩ (তিন) দিন পূর্বে ই-মেইল: ayetali42@gmail.com এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭. প্রশিক্ষণে অংশগ্রহণেচ্ছুক কর্মকর্তাগণকে পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, ছাড়পত্র, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ১০ টাকা মূল্যমানের রেভিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।
৮. মনোনীত কর্মকর্তাগণকে আগামী ০২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ/ ১৭ জুলাই ২০২২ খ্রি. তারিখ সকাল ৯.০০ টায় নায়েমের প্রশাসনিক ভবনের নিচ তলায় অবস্থিত ওয়ান স্টপ সার্ভিস পয়েন্টে রিপোর্ট করতে হবে।
৯. আমন্ত্রণপত্র ও প্রশিক্ষার্থী তালিকা নায়েম ওয়েবসাইট (www.naem.gov.bd) এ পাওয়া যাবে।


(প্রফেসর ড. হাশিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম


প্রাপক : পরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (সকল অঞ্চল)

নং: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১৪.১৫/ ৬২৬৬ (৭)

তারিখ: ২৬/০৬/২০২২ বঙ্গাব্দ
৩০/০৬/২০২২ খ্রিষ্টাব্দ

সদর অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
- ৩। পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
- ৫। সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নায়েম, ঢাকা;
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণপত্র ও মনোনীত প্রতিষ্ঠান/প্রশিক্ষার্থীর তালিকা নায়েমের ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ);
- ৭। অফিস নথি।


(মো: আব্দুল মান্নান চৌধুরী)

উপপরিচালক

ও
কোর্স পরিচালক

মোবাইল : ১৭১২৬১২৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষাব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষামন্ত্রণালয়
নায়েমরোড, খানমন্ডি, ঢাকা - ১২০৫
www.naem.gov.bd

ব্যাংক হিসাবের তথ্যফরম
(ছকটি ইংরেজিতে পূরণ করতে হবে)

কোর্সের নাম :
মেয়াদ:

আইডিনম্বর	প্রশিক্ষার্থীর নাম, পদবী, বিষয় ও প্রতিষ্ঠান	হিসাবের নাম	ব্যাংকের নাম ও শাখা	হিসাবনম্বর	রাউটিংনম্বর	প্রশিক্ষণভাতা (টাকায়)	মোবাইলনম্বর
01							

Course Director/Coordinator

- ১। একাধিক ব্যাংক হিসাব থাকলে বেসরকারি ব্যাংক হিসাবের তথ্য অগ্রাধিকারযোগ্য।
- ২। অনেক প্রশিক্ষার্থী এখনও ৪ ডিজিটের হিসাবনম্বর ব্যবহার করে থাকতে পারেন। তাঁদেরকে সংশ্লিষ্ট ব্যাংক থেকে অন-লাইন হিসাবনম্বর জেনে তথ্যপ্রদানের অনুরোধ করা হলো।
- ৩। ব্যাংক হিসাবের তথ্যসমূহ ইংরেজিতে পূরণ করতে হবে।